

নিপীড়িত বা উত্ত্যক্ত কর (Bullying)

১. এই বিষয়টি পিতা-মাতাদের চিন্তার কারণ হয়ে দাড়িয়েছে।
২. আপনার সন্তানের স্কুলে এই সম্বন্ধে অবশ্যই নিয়মানুবর্তিতার নীতি(discipline policy) থাকতে হবে, এই নীতিতে নিপীড়িত বা উত্ত্যক্ত করা বন্ধ করার জন্য কি কি পদক্ষেপ নিতে হবে সেটা বর্ণনা করা থাকতে হবে।
৩. আপনার সন্তানকে যদি নিপীড়িত বা উত্ত্যক্ত করা হয়ে থাকে, তাহলে অবিলম্বে স্কুলকে সেটা জানানো উচিত। আমরা আপনাকে এই উপদেশ দেব যে, আপনি অবিলম্বে এটা স্কুলকে বলুন এবং তার পরে লিখিত ভাবে তাদেরকে জানান এবং আপনার নিজের কাছে একটা কপি রাখুন। স্কুল যদি, কঠিন ভাবে নিপীড়িত বা উত্ত্যক্ত করা থেকে কোন ছাত্র বা ছাত্রীকে রক্ষা করতে অসমর্থ হয় এবং এর ফলে সেই ছাত্র বা ছাত্রীর গুরুতর আঘাত লাগে অথবা কিছু খারাপ হতে পারে, তাহলে স্কুল আইনত: এর জন্য দায়ী থাকবে।
৪. নীতি অনুসারে, মাতা-পিতাকে তাদের সন্তানের উপর নিপীড়িত বা উত্ত্যক্ত করার কারণে স্কুলের সঙ্গে যে বিরোধ সেই ব্যাপারে ল সেন্টার সাহায্য করতে পারবে। স্বাভাবিক ভাবেই এটা নির্ভর করবে প্রত্যেক আলাদা আলাদা কেসের উপর। তবে আপনি যদি স্কুল বা স্থানীয় শিক্ষা দফতর/বিভাগের বিরুদ্ধে ক্ষতি পূরণের দাবী চালান অথবা এই সমস্যা থেকে দূরে সরানোর জন্য আপনার সন্তানের স্কুল পরিবর্তন করতে চান, তাহলে এটা উল্লেখযোগ্য যে আপনি আইনের পরামর্শ নেন। এটা সম্ভব যে আইনজ্ঞ বা উকিল স্কুলের সঙ্গে কথা বলে এই ব্যাপারে একটা সমঝোতা করতে পারেন, যার ফলে এই নিপীড়িত বা উত্ত্যক্ত করা বন্ধ হতে পারে।

যদিও সবরকমভাবে এই লিফলেটের তথ্যগুলিকে সঠিক এবং আধুনিক(up to date) করবার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে, তবুও এটা মনে করা উচিত নয় যে এটা আইনের সম্পূর্ণ এবং প্রামাণিক(authoritative) বিবরণ। এটা আইনের কোন উপদেশও গঠন(constitute) করে না - কোন ভুল তথ্য এবং তাদের ফলাফলের জন্য আমাদের দায়ী করা চলবে না। যে সকল ব্যক্তির ইংল্যান্ডে এবং ওয়েলসে বসবাস করছেন অথবা সেখানকার আইনের দ্বারা প্রভাবিত, এই লিফলেট কেবলমাত্র তাদের জন্য

জুন ২০০৩